

Issho ni ikimasen ka

আসুন না একসঙ্গে যাওয়া যাক?



আজকের স্ক্রিট

マイク : 今度の土曜日、海斗と

মাইক

Ko'ndo no do-yo'obi, Ka'lito to

忍者博物館に行きます。

Ninja-Hakubutsu'kan ni ikima'su.

আসছে শনিবার আমি কাইতাকে সঙ্গে নিয়ে নিনজা মিউজিয়াম দেখতে যাচ্ছি।

ミーヤー : マイクさんは、本当に

মি ইয়া

Ma'iku-san wa, hontoo ni

忍者が好きですね。

ni'nja ga suki' de'su ne.

মাইক-সান, আপনি আসলেই নিনজা পছন্দ করেন, তাই না?

マイク : はい。

মাইক

Ha'i.

হ্যাঁ।

みんなで一緒にいきませんか。

Minna' de issho ni ikimase'n ka.

আসুন না সবাই একসঙ্গে যাওয়া যাক?

ミーヤー : ああ、土曜日はちょっと・・・。

মি ইয়া

A'a, do-yo'obi wa cho'tto...

আহা, শনিবার আমার একটু অসুবিধে আছে...

タム : 私も授業があります。

তাম

Watashi mo ju'gyoo ga arima'su.

আমারও ক্লাস আছে।

海斗 : 残念。

কাইতো

Zanne'n.

দুর্ভাগ্যজনক।

じゃあ、2人で行こう。

Ja'a, futari' de iko'o.

তাহলে আমরা দুজনেই যাবো।

শব্দার্থ

今度 এবার, আসন্ন

ko'ndo

博物館 মিউজিয়াম, যাদুঘর

hakubutsu'kan

残念 (な) দুর্ভাগ্যজনক

zanne'n (na)

## মূল বাক্য

いっしょにい  
一緒にいきませんか。

Issho ni ikimase'n ka.

আসুন না একসঙ্গে যাওয়া যাক?

একসঙ্গে কিছু করার জন্য কাউকে আমন্ত্রণ জানাতে ক্রিয়াপদের “মাস-রূপ” থেকে শেষের “-মাস” অংশটি বাদ দিয়ে জুড়ে দিন “-মাসেন্ কা”, এবং তা প্রশ্নের চণ্ডে উর্ধ্বমুখী স্বরে বলুন। লক্ষ্য করুন যে “-মাসেন” রূপটি না-বোধক হলেও “-মাসেন্ কা” কথাটি দিয়ে আমন্ত্রণ বোঝায়। এ ধরনের আমন্ত্রণ গ্রহণ করতে বলুন “ইই দেস্ নে” অর্থাৎ “তাহলে তো খুব ভাল হয়”।

আসুন চর্চা করি!


こんばん いっしょ  
今晚、一緒にごはんを食べに行きませんか。

Ko'nban, issho ni go'han o ta'be ni ikimase'n ka.

いいですね。行きましょう。

I'i de'su ne. Ikimasho'o.

আসুন না আজ রাতে কোথাও একসঙ্গে ডিনার করতে যাই?  
খুব ভাল প্রস্তাব। যাওয়া যাক।



এটাও চেষ্টা করি!

～ませんか。 আসুন না ~ করা যাক।

～mase'n ka.

① みんなでバーベキューをする (→します)

minna' de baabe'kyuu o suru (→shima'su)

সবাই মিলে বারবেকুই করা

② 一緒に歌う (→歌います)

issho ni utau (→utaima'su)

একসঙ্গে গান করা



বোনাস বাক্য

土曜日はちょっと・・・

Do-yo'obi wa cho'tto...

শনিবার একটু (অসুবিধে আছে)...

আমন্ত্রণ প্রত্যাখ্যানের অভিব্যক্তি “চোতো” কথাটির অর্থ “একটু”, কিন্তু এই শব্দটিকে শেষের দিকে একটু লম্বা করে নিচু স্বরে বললে তা দিয়ে আমন্ত্রণ প্রত্যাখ্যান বোঝায়।




মাইকের সঙ্গে পপ কালচার


## নিনজাদের রহস্য

পঞ্চদশ শতকের পর জাপানে সামন্ত প্রভুদের আধিপত্য বিস্তারের যুগে নিনজা নামের বিশেষ বাহিনী গুপ্তচর ও লড়াইয়ের ভূমিকা পালন করত। নিনজাদের উৎপত্তির ইতিহাস খুব একটা স্পষ্ট নয়। নিনজারা তাদের বিশেষ পোশাকের জন্য বিখ্যাত ছিল, তবে নিজেদের পরিচয় আড়াল করে কোন এলাকায় প্রবেশের জন্য তারা ব্যবসায়ী, সন্ন্যাসী এবং ভ্রাম্যমান মনোরঞ্জনকারী হিসেবে ছদ্মবেশ ধারণ করত।

ছদ্মবেশধারী নিনজা



নিনজারা তারকা আকৃতির শুরিকেন ছুরিসহ বিভিন্ন অস্ত্র ব্যবহার করত। তাদের মিশন সম্পন্ন করতে তারা নিজেদের আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সম্পর্কিত জ্ঞান এবং এমনকি মনোবৈজ্ঞানিক কৌশলের আশ্রয় নিত। সামন্ত প্রভুরা নিনজাদের প্রযুক্তি বিশেষজ্ঞ মনে করত।



উত্তর ① みんなでパーベキューをしませんか。  
② いっしょ うた一緒に歌いませんか。

Minna' de baabe'kyuu o shimase'n ka.

Issho ni utaimase'n ka.